গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
ঠাকুরগাঁও।
**ওয়েব সাইট:** tsc.thakurgaon.gov.bd
**ই-মেইল:** tscthak38@gmail.com

স্মারক নং-৫৭.০৩.৯৪৯৪.৫৬০.২৫.০৪৫.২৬-২২৬০ তারিখ:- ২০ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ৪ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

## উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও এর অভ্যন্তরে প্রস্তাবিত মেইন গেট নির্মাণের জন্য সাইটপ্লান অনুযায়ী ছোট বড় বিভিন্ন প্রজাতির ৫(পাঁচ) টি গাছ (চিহ্নিতকৃত) অপসারণ/কর্তন ও নিলামে বিক্রয়ের লক্ষ্যে উন্মুক্ত নিলামে অংশগ্রহণের জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

উন্মুক্ত নিলামের বিবরণ:

| দরপত্র ক্রয়ের তারিখ, সময় ও স্থান | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ, সময় ও স্থান | দরপত্রের প্রাক্কলিত মূল্য | উন্মুক্ত নিলাম অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ০৯/০৮/২০২৬ হতে ১৭/০৮/২০২৬, সকাল ৯:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত। (ছুটির দিন ব্যতীত) হিসাব শাখা, অত্র প্রতিষ্ঠান। | ১৮/০৮/২০২৬ সকাল ১০:০০ ঘটিকা অত্র প্রতিষ্ঠান। | ২,১৮,৬২৫/- (দুই লক্ষ আঠারো হাজার ছয়শত পচিশ) টাকা মাত্র | ১৮/০৮/২০২৬ দুপুর ১২:০০ ঘটিকায় অত্র প্রতিষ্ঠান। |

**শর্তাবলী:**

১। দরপত্র ক্রয়ের সময় সিডিউল মূল্য বাবদ ১০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) রশিদমূলে জমাপূর্বক হিসাব শাখা হতে সিডিউল সংগ্রহ করতে হবে।
২। প্রকাশ্যে নিলাম ডাকে অংশগ্রহণকারী দরপত্রদাতাকে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা মাত্র (ফেরতযোগ্য) জামানত বাবদ রশিদের মাধ্যমে আগামী ১৮/০৮/২০২৬ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকার পূর্বে হিসাব শাখায় জমা প্রদানপূর্বক নিলাম ডাকে তালিকাভুক্ত হতে হবে।
৩। নিলামে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরপত্র দাতাকে ডাকমূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর প্রদান করতে হবে।
৪। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট স্থান ও গাছ কর্তন ও অপসারণ (চিহ্নিতকৃত) সরজমিনে পরিদর্শন করে নির্ধারিত তারিখ ও সময়ে স্ব-শরীরে উপস্থিত থেকে নিলামে অংশগ্রহণ করতে হবে।
৫। নিলামে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরদাতাকে সমুদয় টাকা পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নগদ রশিদের মাধ্যমে হিসাব শাখায় জমা দিতে হবে। অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
৬। সর্বোচ্চ দরদাতা কৃতকার্য দরদাতা হিসেবে বিবেচিত হবেন এবং কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে অপসারণ/কর্তন করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
৭। নিলামকৃত গাছ নিজ ব্যয়ে অপসারণ/কর্তন এবং উক্ত স্থান পরিস্কার-পরিচ্ছন্নতা পূর্বক কার্যপোযোগী করতে হবে। কর্তনযোগ্য গাছসমূহ শেকড়সহ অপসারণ/কর্তনের সময় প্রতিষ্ঠানের কোন স্থাপনা বা অন্য কোন জিনিসের ক্ষতি হয় তাহলে দরদাতা নিজ খরচে তা পূরণ করবেন।
৮। সিডিউলের সাথে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট, হালনাগাদ ভ্যাট রেজি: এর ফটোকপি ও সিডিউল ক্রয়ের মূল রশিদ জমা দিতে হবে।
৯। কোন কারণে সর্বোচ্চ দরদাতা কর্তৃক নিলাম কার্যাদেশ সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তী দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির যোগ্য বলে বিবেচনা করা হবে। এক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার জামানতের টাকা বাজেয়াপ্ত কারা হবে।
১০। বিক্রিত গাছ/কাঠ বনজদ্রব্য জেলা/আন্ত: জেলার পরিবহনের ক্ষেত্রে বন বিভাগের নিকট হতে স্থানান্তর পাস (টি.পি) সংগ্রহ করতে হবে।
১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কার্যক্রম বাতিল করার পূর্ণ ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিস্তারিত তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করতে পারবেন।

04.08.2026
(প্রকৌশলী মোঃ মোবারক হোসেন)
অধ্যক্ষ
ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
ঠাকুরগাঁও।
ফোন নং-০২৫৮৯৯৩১২০৪

H/Nilam-20